

ছাত্রলীগ নেতার পা কর্তন রাবির ৪৭ শিবির নেতাকর্মীর বিরুদ্ধে ২ মামলা

■ রাজশাহী ব্যারে
রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ছাত্রলীগ নেতা সালেহ মো. টপার ও আবদুল্লাহ আল মাসুদের ওপর গত ২৯ এপ্রিল হামলা চালিয়ে পা কেটে ফেলা ও হাত-পায়ের রগ কেটে দেওয়ার ঘটনায় মামলা হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যায় রাবি ছাত্রলীগের সহসভাপতি আতিকুর রহমান বানী হয়ে নগরীর মতিহার থানায় পৃথক দুটি মামলা করেন। মামলায় শিবিরের ৩২ নেতাকর্মীর নাম উল্লেখ করে অজ্ঞাত জ্ঞারও ১৫ জনকে আসামি করা হয়েছে।

মামলায় আসামি করা হয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় শিবিরের সভাপতি আশরাফুল আলম ইমন, ইতিহাস বিভাগের শিক্ষার্থী রমজান আলী, রাবি শিবিরের ভারপ্রাপ্ত প্রচার সম্পাদক জিয়া উদ্দিন বাবলু, আশিকুর রহমান মইদুল, মাদার বক্স হলের সাধারণ সম্পাদক ওয়ারিউর রহমান, শেরেবাংলা হল সভাপতি মামুন, হাবিবুর রহমান, কবির আলী, সাদাম হোসেন, রাবি শিবিরের সাংগঠনিক সম্পাদক পোয়েব সাহরিয়ার, মুত্তাফিজুর রহমান, মোজাম্মেল জাহাঙ্গীর হোসেন, হাফিজুল মানিক, ফিরোজ, চান মিয়া, কসাই বাবু, আফজাল, মিজানুর রহমান মিজান, আশরাফ শিবিরের কৃষি অনুষ্ঠানের সভাপতি শাহাবুদ্দিন, আবদুল নতিফ হলের সভাপতি রাসেল, মহানগর শিবিরের অর্থবিসয়ক সম্পাদক জসিম, আবদুল্লাহ আল মাসুম, সাইফুল্লাহ, রাজু, আনসার আলী, জনি, সোহেল, জিয়া হল শিবিরের সভাপতি জহুরুল মোস্তাক মোস্তাকে। এ ছাড়া অজ্ঞাত আরও ১০-১৫ জনকে আসামি করা হয়েছে।

মামলায় অভিযোগ করা হয়েছে, রাবি শিবিরের সভাপতি আশরাফুল আলম ইমনের হুকুমে রমজান, মইদুল, সাদাম, মুত্তাফিজুর, জিয়াউদ্দিন বাবলু ও কসাই বাবু তাদের হাতের ধারাদো চাপাতি, রামদা ও হাঁসুদা দিয়ে আবদুল্লাহ আল মাসুম ও টপারকে হাজার উদ্দেশ্যে শিষ্ট, ঘাড়, দুই হাত এবং পৃষ্ঠা ১৫ : কলাম ৫

রাবির ৪৭ শিবির

[তৃতীয় পৃষ্ঠার পর]

দু'পায়ে এলোপাতাড়ি কুপিয়ে ওরুতর জখম করে। মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলমগীর হোসেন জানান, ছাত্রলীগের দুই নেতার ওপর হামলা চালিয়ে তাদের পা কেটে ফেলা ও হাত-পায়ের রগ কেটে দেওয়ার ঘটনায় একটি এবং ককটেল ও পিস্তলের গুলি ফুটিয়ে আতঙ্ক সৃষ্টির অভিযোগে বিস্ফোরক আইনে আরেকটি মামলা হয়েছে।